



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং-ক/অ/

তারিখঃ

প্রেরক : কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

প্রাপক : অধ্যক্ষ

বিষয়খালী এস, এম, স্কুল এন্ড কলেজ
ডাকঃ খড়ীখালী, ঝিনাইদহ।

বিষয় : অস্থায়ী একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ০৭-০৭-২০১৪ তারিখের ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০৭১.১৩/২০৩ নং স্মারক পত্র।

জনাব,

কর্তৃপক্ষের নির্দেশক্রমে উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে আপনাকে জানানো যাচ্ছে যে, আগামী কলেজ মঞ্জুরী কমিটির অনুমোদন সাপেক্ষে এবং নিম্নবর্ণিত শর্ত পূরণের শর্তে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে অর্থাৎ ০১-০৭-২০১৪ হতে ৩০-০৬-২০১৫ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের জন্য আপনার কলেজটিকে সম্পূর্ণ অস্থায়ী ভাবে একাডেমিক স্বীকৃতি প্রদান করা হল। স্বীকৃতির সময়সীমা অর্থাৎ ৩০-০৬-২০১৫ তারিখ অতিক্রান্ত হওয়ার পর আরোপিত শর্ত পূরণ করা না হলে উক্ত স্বীকৃতি বাতিল বলে গণ্য হবে এবং উক্ত কলেজে পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি পরিচালনা থেকে বিরত থাকবে।

আবশ্যিক বিষয় সমূহ	: বাংলা, ইংরেজী এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সকল বিভাগের জন্য)
মানবিক বিভাগ	: অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, যুক্তিবিদ্যা, সমাজবিজ্ঞান।
ব্যবসায় শিক্ষা বিভাগ	: হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন।
বিজ্ঞান বিভাগ	: পদার্থ, রসায়ন, জীব বিজ্ঞান, ও উচ্চতর গণিত।

আরোপিত শর্ত সমূহ :

- ১। অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ২। প্রতি বিভাগে কাম্যসংখ্যক শিক্ষার্থী ভর্তি করতে হবে ও পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- ৩। বিদ্যমান নির্বাহী কমিটির মেয়াদকাল পর্যন্ত বহাল থাকবে।
- ৪। শিক্ষার্থীদের মাঝে ক্রীড়া, সংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
- ৫। কলেজ চত্বরে ফলজ, বনজ, ও ঔষধি গাছ লাগাতে ও পরিচর্যা করতে হবে।
- ৬। বাংলা একাডেমিক কর্তৃক প্রকাশিত বাংলা-বাংলা, ইংরেজী-বাংলা, বাংলা-ইংরেজী অভিধানসমূহ প্রতিটি ০৩(তিন) কপি করে গ্রন্থাগারে সংগ্রহ করতে হবে।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

ফোন নং-০৪২১-৬৮৬৩৮

স্মারক নং-ক/অ/০৭(০২)/ ১৫৬(৩০)৫

তারিখঃ ২১/০৭/১৪

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হল :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। পরিচালক, ব্যানবেইস, সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত), ঢাকা।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৫। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রচারের জন্য)।
- ৬। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
- ৭। সভাপতি, নির্বাহী কমিটি, বিষয়খালী এস, এম, স্কুল এন্ড কলেজ, খড়ীখালী, ঝিনাইদহ।
- ৮। সেকশন অফিসার, উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৯। সেকশন অফিসার, কলেজ নিবন্ধন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ১০। সংরক্ষণ নথি।

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।